স্বাধীনতা দিবস উদযাপনে দর্শনায় পৌর বিএনপির প্রস্তুতি সভা

২৬ মার্চ স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক আলহাজ মশিউর রহমানের নেতৃত্বে দর্শনা পৌর বিএনপির প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যায় দর্শনা পৌর বিএনপির কার্যালয়ে পৌর বিএনপির সাবেক সভাপতি ও দামুড়হুদা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক হাফিজুল আলম মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন জেলা জাতীয়তাবাদী শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু, দর্শনা পৌর বিএনপির অন্যতম সমন্বয়ক ও ঐতিহ্যবাহী মেমনগর বিডি হাইস্কুল পরিচালনা পরিষদের সভাপতি আলহাজ মোঃ মশিউর রহমান, মাহবুবুল ইসলাম খোকন, মহিদুল ইসলাম, দর্শনা থানা ছাত্রদলের সভাপতি আরাফাত হোসেন, দর্শনা থানা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মোরশেদুর রহমান লিংকন, দর্শনা পৌর ছাত্রদল নেতা আব্দুর রহিম মুন্না, আঃ রাজ্জাক শাহীন প্রমুখ।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা রেলবাজার দোকান মালিক সমিতির সভাপতি বিএনপি নেতা তোফাজ্জল হোসেন, হাজী মোখলেছুর রহমান, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক রেজাউল ইসলাম, নাসির উদ্দিন খেদু, বিএনপি নেতা আজিজুল ইসলাম, আব্দুল কাদের, তোফাজ্জল ইসলাম তুফান, আজিজুল হক প্রমুখ।

সভায় আগামী ২৬ মার্চ সকাল ৯টার সময় দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, সকাল ১০টায় র্যালি ও আলোচনা সভা, এবং সকাল সাড়ে ১০টার সময় কেরু চিনিকলের শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

গাংনীতে তেল পাম্পে বিএনপি নেতাকে বেধড়ক পিটুনি

মেহেরপুরের গাংনী উপজেলায় একটি ফিলিং স্টেশনে বিএনপি নেতাকে গণপিটুনি দেওয়ার ঘটনা ঘটেছে। মঙ্গলবার (২৪ মার্চ) দুপুরে উপজেলার গোপালনগর গ্রামের রুপক ফিলিং স্টেশনে এ ঘটনা ঘটে।

আহত আব্দুল ওহাব বুলবুল গাংনী উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক।

স্থানীয় সূত্র জানায়, দুপুরের দিকে মোটরসাইকেলে জ্বালানি তেল নিতে ফিলিং স্টেশনে যান বুলবুল। এ সময় স্টেশনের কর্মচারী ও স্থানীয় কয়েকজন যুবকের সঙ্গে তার কথাকাটাকাটি শুরু হয়। মুহূর্তেই উত্তপ্ত পরিস্থিতি হাতাহাতি ও সংঘর্ষে রূপ নেয়। একপর্যায়ে উপস্থিত কয়েকজন মিলে তাকে বেধড়ক পিটুনি দেন।

ঘটনাস্থলে তখন কোনো পুলিশ সদস্য না থাকায় পরিস্থিতি আরও উত্তেজনাপূর্ণ হয়ে ওঠে বলে প্রত্যক্ষদর্শীরা জানান। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করেন।

এ বিষয়ে গাংনী থানার ওসি উত্তম কুমার দাস এশিয়া পোস্টকে বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে। বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে আওয়ামী লীগের নেতাকর্মীদের কুপিয়ে জখম করলেন বিএনপি নেতা

মেহেরপুরের গাংনীতে ঘোষণা দিয়ে আওয়ামী লীগের নেতাকর্মীদের কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে বিএনপির এক নেতার বিরুদ্ধে। এ ঘটনায় সৃষ্ট সংঘর্ষে উভয় পক্ষের নারীসহ ১৩ জন আহত হয়েছেন। আহতদের

মধ্যে বেশ কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক।

আজ সোমবার দিবাগত রাত সাড়ে ৮টার দিকে গাংনী উপজেলার সাহারবাটি গ্রামে এ ঘটনা ঘটে। আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহতদের মধ্যে সাহারবাটি গ্রামের কড়ইতলা পাড়া এলাকার ইমন আলীর স্ত্রী রিয়া খাতুন (৪০), তরিকুল ইসলামের ছেলে শরিফুল ইসলাম (৪৩), চাঁদ আলী মোল্লার ছেলে রফিকুল ইসলাম (৬০), মুন্তাজ আলী (৫০), নেঙ্গার আলীর ছেলে হামিদুল ইসলাম (৫০), মাঠপাড়া এলাকার আব্দুর রাজ্জাকের ছেলে মিথুন হোসেন (৩০), সামসদ্দীনের ছেলে আইনাল হক (৫০), আনসারুল ইসলাম (৬৫) ও তার স্ত্রী শাহানারা বেগম (৬০) রয়েছেন। অপরদিকে হামলাকারী বিএনপি নেতা দবির হোসেনের ভাই আব্দুল খালেক ও আব্দুল মালেক আহত হয়েছেন।

বিএনপি নেতা দবির হোসেন জানান, বিগত ১৭ বছর ধরে স্থানীয় ইউপি সদস্য আওয়ামী লীগ নেতা আব্বাস আলী তাদের পরিবারের ওপর নির্যাতন-জুলুম চালিয়ে আসছিলেন। তারা তাদের গোয়ালের গরু পর্যন্ত নিয়ে গেছে এবং মাঠের ফসল তুলতে দেয়নি। তাই ‘মারের বদলে মার’ নেওয়া হয়েছে বলে তিনি দাবি করেন।

এদিকে ইউপি সদস্য ও আওয়ামী লীগ নেতা আব্বাস আলী জানান, ৫ তারিখের পর থেকেই দবির উদ্দীন তাদের কাছ থেকে বিভিন্ন সময়ে চাঁদা দাবি করে আসছিল। তারা বেশ কয়েকবার চাঁদা দিয়েছেন। আজ আবারও চাঁদা চেয়ে না পেয়ে তার বাবা-মায়ের ওপর হামলা চালানো হয়। বর্তমানে তার বাবা কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস বলেন, সকালের মারামারির পর সেখানে পুলিশ গিয়েছিল। আবারও সন্ধ্যায় মারামারি হয়েছে এমন খবর পাওয়ার পরপরই সেখানে পুলিশ পাঠানো হয়েছে। বর্তমানে এলাকা শান্ত রয়েছে। এ ঘটনায় মামলা দায়ের করলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগরে যুবদল নেতার উদ্যোগে ঈদ উপহার বিতরণ

মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসানের পারিবারিক উদ্যোগে অসহায় মানুষের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার দুপুরে দারিয়াপুর ইউনিয়নের ৬০ জন অসহায় মানুষের মাঝে এসব ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়। ঈদকে সামনে রেখে সুবিধাবঞ্চিত মানুষ যাতে স্বাচ্ছন্দ্যে ঈদ উদযাপন করতে পারে, সে লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়।

আবুল হাসান জানান, তিনি প্রতি বছরই তার পরিবারের পক্ষ থেকে সামর্থ্য অনুযায়ী মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করেন। এবছরও তার ব্যতিক্রম হয়নি। তিনি বলেন, “আমার ইউনিয়নসহ মুজিবনগর উপজেলার প্রতিটি মানুষ যেন সুখে-স্বাচ্ছন্দ্যে ঈদ পালন করতে পারে, সেটাই আমার প্রত্যাশা।”

এবারের ঈদ উপহার প্যাকেজে ছিল পোলাও চাল, ময়দা, চিনি, সাবান, আলু, রসুন, পেঁয়াজ ও সেমাই।

এ সময় তিনি বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া-এর রুহের মাগফিরাত কামনায় সকলের কাছে দোয়া প্রার্থনা করেন।

এর আগে রমজান উপলক্ষে আবুল হাসানের পরিবারের পক্ষ থেকে ইউনিয়নের ৫০ জন অসহায় মানুষের মাঝে ইফতার সামগ্রীও বিতরণ করা হয়েছিল।

মেহেরপুরে গুম, খুন ও নির্যাতনের শিকার পরিবারের

মাঝে আর্থিক সহায়তা বিতরণ

মেহেরপুরে গুম, খুন ও নির্যাতনের শিকার ব্যক্তিদের পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর আর্থিক সহায়তা বিতরণ করা হয়েছে। বুধবার দুপুরে জেলা বিএনপির কার্যালয়ে এ সহায়তা প্রদান করা হয়।

অনুষ্ঠানে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যদের হাতে আর্থিক সহায়তা তুলে দেন।

এসময় তিনি বলেন, অতীতে যারা রাজনৈতিক সহিংসতার শিকার হয়েছেন, তাদের পরিবারের পাশে দাঁড়ানো সরকারের দায়িত্ব। বর্তমান উদ্যোগের মাধ্যমে সেই দায়িত্ব পালনের একটি প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

সহায়তা পেয়ে ভুক্তভোগী পরিবারের সদস্যরা সন্তোষ প্রকাশ করেন। স্বামী হত্যার শিকার মোছা. ফুল খাতুন বলেন, “প্রায় ১০ বছর আগে রাজনৈতিক দ্বন্দ্বের কারণে আমার স্বামীকে হত্যা করা হয়। এই সহায়তা পেয়ে আমি খুশি।”

অপর ভুক্তভোগী মোছা. কানচোনা বলেন, “২০১০ সালে আমার স্বামীকে হত্যা করা হয়। ঈদের সময় এ সহায়তা পেয়ে প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানাই।”

এসময় উপস্থিত ছিলেন বিএনপির সাবেক সহ-সভাপতি আনসারুল হক, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সাধারণ সম্পাদক এহান উদ্দিন মনা, জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননসহ ভুক্তভোগী পরিবারের সদস্যরা।

রমজানের শিক্ষায় সবাইকে নিয়ে দেশ গঠনে অঙ্গীকারবদ্ধ এনসিপি

মেহেরপুরের পিরোজপুর ইউনিয়নে রোজাদারদের অংশগ্রহণে এনসিপির দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট সাকিল আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “রমজানের শিক্ষায় সবাইকে নিয়ে দেশ গঠনে কাজ করবে এনসিপি।” এই মহৎ উদ্দেশ্যে এনসিপি সর্বদা মানুষের পাশে থেকে সহনশীলতা ও ঐক্যের বার্তা ছড়িয়ে দিতে বদ্ধপরিকর।

উক্ত মাহফিলে সভাপতিত্ব করেন পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী আব্দুস সালাম।

ইফতারের পূর্ব মুহূর্তে এক বিশেষ মোনাজাতের মাধ্যমে দেশ ও মুসলিম উম্মাহর শান্তি কামনা করা হয়।

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা ও দামুড়হুদায় বিএনপির দুই শীর্ষ নেতা বহিষ্কার

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর দলীয় শৃঙ্খলা ভঙ্গ ও দলীয় স্বার্থবিরোধী কর্মকাণ্ডে লিপ্ত থাকার অভিযোগে চুয়াডাঙ্গা জেলার দুইজন গুরুত্বপূর্ণ নেতাকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। গতকাল বুধবার চুয়াডাঙ্গা জেলা বিএনপির প্যাডে জেলা সভাপতি ও সাধারণ সম্পাদকের যৌথ স্বাক্ষরিত বিজ্ঞপ্তির মাধ্যমে এই সিদ্ধান্ত জানানো হয়।

বহিষ্কৃত দুজন নেতা হলেন আলমডাঙ্গা পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু ও দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের শৃঙ্খলা ভঙ্গ এবং বিভিন্ন দলীয় কর্মকাণ্ড বিরোধী কার্যকলাপে জড়িত থাকার অপরাধে জেলা বিএনপির সিদ্ধান্ত মোতাবেক এই পদক্ষেপ নেওয়া হয়েছে। ১৮ মার্চ ২০২৬, সোমবার থেকে উল্লিখিত দুই নেতাকে তাদের স্ব-স্ব দলীয় পদসহ দলের সকল পর্যায়ের পদ থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

বিজ্ঞপ্তির সত্যতা নিশ্চিত করে জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম পিটু বলেন, দল থেকে তাদেরকে বার বার সতর্ক করার পরেও তারা দলীয় শৃঙ্খলা ভঙ্গ করেছে। যার ফলশ্রুতীতে এই আদেশ এসেছে।

সিয়াম সাধনা মানুষের জীবনে ধৈর্য, সহনশীলতা ও আত্মসংযমের শিক্ষা দেয়

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য নাজমুল হুদা বলেছেন, মোমিন মুসলমানদের আল্লাহর নির্দেশিত পথে চলতে হবে এবং পারস্পরিক ভ্রাতৃত্ববোধ গড়ে তুলে একটি সুন্দর ও শান্তিপূর্ণ সমাজ প্রতিষ্ঠা করতে হবে। তিনি বলেন, পবিত্র রমজান শুধু সংযমের মাস নয়, এটি আত্মশুদ্ধি ও মানবিক মূল্যবোধ জাগ্রত করার এক অনন্য সুযোগ।

মঙ্গলবার গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামের মল্লিক ট্রেডার্স অ্যান্ড ফার্নিচারের উদ্যোগে আয়োজিত ইফতার পূর্ব আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মল্লিক ট্রেডার্সের স্বত্বাধিকারী রাসেল মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম মুখ্য সমন্বয়ক অ্যাডভোকেট সাকিল আহমাদ, গাংনী উপজেলা জামায়াতের আমীর ডা. মো. রবিউল ইসলাম, সেক্রেটারি মাওলানা জাহাঙ্গীর আলম, সূরা ও কর্মপরিষদ সদস্য মাওলানা জাহাঙ্গীর আলম এবং কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জামায়াত নেতা মু. আলম হুসাইনসহ স্থানীয় নেতৃবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে নাজমুল হুদা আরও বলেন, এক মাসের সিয়াম সাধনা মানুষের জীবনে ধৈর্য, সহনশীলতা ও আত্মসংযমের শিক্ষা দেয়, যা বাকি ১১ মাসেও অনুসরণ করা উচিত। রমজানের এই শিক্ষাকে কাজে লাগিয়ে সমাজ থেকে হিংসা, বিদ্বেষ ও অনৈতিকতা দূর করে পারস্পরিক

সহমর্মিতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে হবে।

তিনি আরও বলেন, অসহায় ও দুস্থ মানুষের পাশে দাঁড়ানো, দান-সদকা বৃদ্ধি করা এবং মানবিক মূল্যবোধ চর্চার মাধ্যমেই রমজানের প্রকৃত তাৎপর্য বাস্তবায়ন সম্ভব। সবাইকে রমজানের শিক্ষা ধারণ করে দেশ ও সমাজের কল্যাণে কাজ করার আহ্বান জানান তিনি।

আলোচনা সভা শেষে দোয়া ও ইফতারের আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ার খোকসায় মোড়াগাছা- হাশিমপুর খাল পুনঃখনন কাজের উদ্বোধন

সারা দেশব্যাপী নদী-নালা, খাল ও জলধারা খনন ও পুনঃখনন কর্মসূচির অংশ হিসেবে কুষ্টিয়ার খোকসা উপজেলায় মোড়াগাছা–হাশিমপুর খাল পুনঃখনন কাজের শুভ উদ্বোধন করা হয়েছে।

সোমবার (১৬ মার্চ) সকালে খোকসা উপজেলার মোড়াগাছা সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে ৩ কিলোমিটার দীর্ঘ মোড়াগাছা–হাশিমপুর খাল পুনঃখনন কাজের উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আসাদুজ্জামান খান এমপি।

এসময় দলীয় তিনি বলেন, দেশের নদী-নালা ও খাল পুনরুদ্ধার করা হলে কৃষি উৎপাদন বৃদ্ধি, জলাবদ্ধতা নিরসন এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রধানমন্ত্রী নির্দেশিত এই কর্মসূচির মাধ্যমে দেশের বিভিন্ন এলাকায় খাল ও জলধারা পুনরুদ্ধারের উদ্যোগ নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনের সংসদ সদস্য রেজা আহমেদ বাচ্চু মোল্লা এমপি, কুষ্টিয়া -৪ (খোকসা-কুমারখালি) আসনের সংসদ সদস্য আফজাল হোসেন এমপি, কুষ্টিয়া জেলা পরিষদের প্রশাসক অধ্যক্ষ সোহরাব উদ্দিন, কুষ্টিয়া জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য সৈয়দ মেহেদী আহম্মেদ রুমী, জেলা বিএনপি জাতীয় নির্বাহী কমিটির অন্যতম সদস্য ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরীসহ কুষ্টিয়ার জেলা প্রশাসক, জেলা ও উপজেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাসহ স্থানীয় রাজনৈতিক ও সামাজিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

৩ কিলোমিটার দীর্ঘ মোড়াগাছা–হাশিমপুর খাল পুনঃখনন প্রকল্প বাস্তবায়ন করছে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং এর আয়োজন করেছে জেলা প্রশাসন কুষ্টিয়া।

সংশ্লিষ্টরা জানান, খালটি পুনঃখনন সম্পন্ন হলে এলাকার পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নত হবে, কৃষি জমিতে সেচ সুবিধা বাড়বে এবং জলাবদ্ধতা কমে স্থানীয় পরিবেশ ও কৃষিতে ইতিবাচক পরিবর্তন আসবে।

ঝিনাইদহ জেলা পরিষদের প্রশাসক হিসেবে দ্বায়িত্ব গ্রহণ করলেন এম এ মজিদ

ঝিনাইদহ জেলা পরিষদের প্রশাসক হিসেবে দ্বায়িত্ব গ্রহণ করেছেন জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ। আজ সোমবার (১৬ মার্চ) দুপুরে জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ তাকে দ্বায়িত্ব বুঝিয়ে দেন। এ সময় পুলিশ সুপার মাহফুজ আফজাল, জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গতকাল রবিবার দেশের ৪২টি জেলায় জেলা পরিষদ প্রশাসক হিসেবে ৪২ জনকে নিয়োগ দিয়েছে সরকার। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের জেলা পরিষদ শাখার উপসচিব খোন্দকার ফরহাদ আহম্মেদ রাষ্ট্রপতির আদেশক্রমে এ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেন।

ঝিনাইদহ প্রশাসক হিসেবে নিয়োগ পান জেলা বিএনপির সভাপতি এম এ মজিদ। স্থানীয় সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন ও জেলার সার্বিক উন্নয়ন এগিয়ে নিতে সকলের সহযোগিতা কামনা করেছেন নবনিযুক্ত প্রশাসক মজিদ।